**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 30-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35AM** **News Editor : Sudip B.**

**DEO : KB** **NR : Sudip B.**

**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবর -

১/ কসবার সাউথ ক্যালকাটা ল' কলেজে ছাত্রীর গণধর্ষণের তদন্তে গতি আনতে বিশেষ তদন্ত কমিটি-SIT-র সদস্য সংখ্যা বাড়িয়ে পাঁচ থেকে ৯ করা হয়েছে।

# ঘটনার প্রতিবাদে দিকে দিকে বিক্ষোভে সামিল হয়েছেন বিরোধী দল সহ বিভিন্ন স্তরের মানুষ।

২/ 'কন্যা সুরক্ষা যাত্রা'র ঘোষণা, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আবারও জরুরী অবস্থার সংকটের দিনগুলির কথা স্মরণ করিয়ে দিয়ে মানুষকে সচেতন থাকতে বলেছেন।

৪/ ঐতিহাসিক হুল দিবস, আজ এরাজ্যেও যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে।

৫/ নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই দফায় দফায় বৃষ্টি চলেছে।

৬/ পড়ুয়াদের মধ্যে ফুটবল খেলা নিয়ে আগ্রহ বাড়াতে, গতকাল কলকাতায় সূচনা হয়েছে 'ফুটবল ফর স্কুল্‌স' কর্মসূচীর দ্বিতীয় পর্যায়।

*******************************************************************

কসবার সাউথ ক্যালকাটা ল’কলেজে ছাত্রীর গণধর্ষণের তদন্তে গতি আনতে বিশেষ তদন্ত কমিটি SIT-র সদস্য সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। এই সংখ্যা ৫ থেকে বাড়িয়ে ৯ করা হয়েছে। গতকাল তিন অভিযুক্ত ও নির্যাতিতার DNA স্যাম্পেল পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। এছাড়া তিন আভিযুক্তের বাড়ি গিয়ে তল্লাশী চালায় ও তাদের ঘটনার দিনের জামা কাপড় পরীক্ষার জন্য পুলিশ নিয়ে আসে। নির্যাতিতার ও জামাকাপড় নিয়ে আসে, পরীক্ষার জন্য। এছাড়া নির্যাতিতার বাবাও মাকে জিজ্ঞাসাবাদ করা হতে পারে।

উল্লেখ্য, গতকাল রাতে এই ঘটনার পুনর্নির্মাণ করা হয়, নির্যাতিতাকে নিয়ে। এদিকে, কলেজের মধ্যে ক্যামেরার সংখ্যাও বাড়িয়েছে কর্তৃপক্ষ।

আজ সেখানে পরিচালন সমিতির বৈঠক ডাকা হয়েছে। এই কলেজের নিরাপত্তার বিষয়ে কোনো গাফিলতি ছিল কিনা তা নিয়ে আগেই কলেজ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট চেয়েছে উচ্চ শিক্ষা দফতর। কোনরকম গাফিলতি থাকলে তা খুঁজে বের করে কলেজের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে বলে উচ্চশিক্ষা দফতর নির্দেশ দিয়েছে।

এদিকে, ওই ঘটনার প্রতিবাদে দিকে দিকে বিক্ষোভে সামিল হয়েছেন বিরোধী দল সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ। গতকাল গোলপার্ক থেকে গড়িয়াহাট পর্যন্ত গতকাল ‘কন্যা সুরক্ষা যাত্রা’ করে বিজেপি। হাতে মশাল নিয়ে মিছিলে হাঁটেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ দলের নেতা কর্মীরা। মিছিলের শেষে এক প্রতিবাদ সভায় শুভেন্দুবাবু জানান, আগামী দু’তারিখ বিজেপি কসবা অভিযান করবে।

( বাইট- শুভেন্দু )

পাশাপাশি RG KAR-এর নির্যাতিতার পরিবারের সঙ্গে শীঘ্রই সাক্ষাৎ করে ৯ই আগস্ট নবান্ন অভিযানের জন্য তিনি আবেদন জানাবেন বলেও শুভেন্দু বাবু জানিয়েছেন। এদিন কন্যা সুরক্ষা যাত্রার ঘোষণা করেছেন তিনি।

*******************

সাউথ ক্যালকাটা ল'কলেজে গণধর্ষণের ঘটনার কড়া নিন্দা করেছেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। উত্তর ২৪ পরগণার পানিহাটিতে গতকাল প্রধানমন্ত্রীর 'মন কি বাত' অনুষ্ঠান শোনার পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী প্রধান বলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয় র‍্যাগিং, RG KAR হাসপাতালে চিকিৎসক মৃত্যু এবং কসবা ল'কলেজের ঘটনা প্রতিটি ক্ষেত্রেই শাসকদল তৃণমূল কংগ্রেস জড়িত রয়েছে।

( বাইট- ধর্মেন্দ্র প্রধান )

*******************

শিলিগুড়ি শহরে গতকাল মশাল মিছিল করেছে বিজেপির মহিলা মোর্চা।

গণধর্ষ্ণের প্রতিবাদে অভয়া মঞ্চের তরফে গতকাল প্রতিবাদ-বিক্ষোভ মিছিলের ডাক দেওয়া হয়। বিভিন্ন গণসংগঠন গড়িয়াহাট থেকে হাজরা পর্যন্ত মিছিল করে যাবার পথে পুলিশ লেক মলের সামনে মিছিল আটকে দেয়। মিছিলের জন্য অনুমতি নেওয়া হয়নি বলে জানায় পুলিশ। বেশ কিছুক্ষণ বচসার পর মিছিলে অংশগ্রহণকারীরা রাস্তায় বসে পড়েন। ঘন্টা দুয়েক পর পুলিশ ব্যারিকেড খুলে দেয়।

অভিযুক্তদের কঠোর শাস্তির দাবিতে কসবা ল'কলেজের সামনে প্রতিবাদ বিক্ষোভে সামিল হয় নারী ঐক্য মঞ্চ।

*******************

এদিকে, আইনের ছাত্রীর ধর্ষণকান্ডে অর্চনা মজুমদারের নেতৃত্বে জাতীয় মহিলা কমিশনের তিন সদস্যের একটি প্রতিনিধি দল, সাউথ ক্যালকাটা ল কলেজে যান। তাঁদের সঙ্গে থাকা ভিডিও ফটোগ্রাফারকে ভিতরে যাওয়ার অনুমতি দেয়নি পুলিশ। নির্যাতিতার পরিবারের সঙ্গে কমিশনকে কথা বলতে দেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন দলের সদস্য অর্চনা মজুমদার।

*******************

কসবা কান্ড নিয়ে বিতর্কিত মন্তব্য করে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে কামারহাটির বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী মদন মিত্রকে 'শো কজ' করেছে তৃণমূল কংগ্রেস। দলের তরফে তাঁকে চিঠি দিয়ে তিন দিনের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন রাজ্য সভাপতি সুব্রত বক্সি। চিঠিতে বলা হয়েছে, আইন কলেজের ঘটনা নিয়ে মদন মিত্রের এই ধরণের অপ্রয়োজনীয় এবং অসংবেদনশীল মন্তব্যে দলের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছে।

******************

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, কলকাতার পুলিশ কমিশনারকে চিঠি দিয়ে, তাঁকে গ্রেপ্তারের কারণ জানতে চেয়েছেন।

গতকাল লেখা ওই চিঠিতে তিনি বলেন, দেশের নাগরিক এবং একজন কেন্দ্রীয় প্রতিনিধি হিসেবে, সর্বত্র যাতায়েতের অধিকার তাঁর রয়েছে। কিন্তু গড়িয়াহাট থেকে যেভাবে তাঁকে গ্রেপ্তার করা হয়েছিল, তার পূর্ণাঙ্গ তদন্ত হওয়া উচিত বলে সুকান্তবাবু দাবী করেন।

******************

সৃজন ভট্টাচার্য, বাম ছাত্র সংগঠন SFI-এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তিনি ময়ুখ বিশ্বাসের জায়গায় এলেন।

গত শুক্রবার থেকে কেরলের কোড়িকোড়ে শুরু হয়েছে SFI-এর তিন দিনের সর্বভারতীয় সম্মেলন। সারা দেশের মোট ৫১৭ জন প্রতিনিধি এতে যোগ দেন।

গতবছর যাদবপুর লোকসভা আসনে প্রতিদ্বন্দ্বিতা করলেও, সৃজনের জামানত বাজেয়াপ্ত হয়।

******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আবারও জরুরী অবস্থার সংকটের দিনগুলির কথা স্মরণ করিয়ে দিয়ে মানুষকে সচেতন থাকতে বলেছেন। আকাশবাণীতে ১২৩-তম মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী, দেশে জরুরী অবস্থা জারির ৫০ বছর পূর্তি উপলক্ষে 'সংবিধান

হত্যা দিবস’ পালনের কথাও উল্লেখ করেন। তিনি বলেন, যারা সাহসের সঙ্গে জরুরী অবস্থার মোকাবিলা করেছিলেন, সবসময় সেই সব মানুষের কথা মনে রাখা উচিত।

( MKB- PM on EMERGENCY 7-35AM )

প্রধানমন্ত্রী বলেছেন, স্বাস্থ্য থেকে সামাজিক সুরক্ষা- প্রত্যেক ক্ষেত্রেই ভারত এগিয়ে চলেছে, যা সামাজিক ন্যায়ের এক মহান চিত্রকে তুলে ধরে। দেশের বেশিরভাগ মানুষ এক বা একাধিক সামাজিক নিরাপত্তা প্রকল্পের সুবিধে পেয়েছেন এবং এখন ৯৫ কোটি মানুষ কোন না কোন সামাজিক সুরক্ষা প্রকল্পের সঙ্গে যুক্ত। শ্রী মোদী জোর দিয়ে বলেন, এই সাফল্য যে আত্মবিশ্বাস জুগিয়েছে, তাতে ভারত আগামী দিনে আরও বেশি শক্তিশালী এবং দেশের অবস্থা আরও ভালো হবে।

( MKB- SOCIAL PROTECTION )

*******************

কেন্দ্র ১৯৭৫ সালের পঁচিশে জুন জরুরী অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে উল্লেখ করেছে। এই উপলক্ষে  বিশেষ কর্মসূচি নিয়েছে সরকার। বিষয়টি নিয়ে আকাশবাণী কলকাতা সংবাদ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের মতামত নিয়েছে।

‘ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতা’র অবসরপ্রাপ্ত অধ্যাপক সুজয়া বসুর মতে ১৯৭৫ সালের জরুরি অবস্থা ঘোষণার অভ্যন্তরীণ যে কারণ দেখানো হয়েছিল তা কোন মতেই যুক্তিপূর্ণ ছিল না।

( বাইট- সুজয়া বসু )

*******************

ঐতিহাসিক হুল দিবস, আজ এরাজ্যেও যথোচিত মর্যাদায় পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে রাজ্য স্তরের মূল অনুষ্ঠানটি হবে ঝাড়গ্রাম স্টেডিয়ামে। সেখানে উপস্থিত থাকবেন কারিগরি শিক্ষা এবং পর্যটন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন এবং বন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী বীরবাহা হাঁসদা।

বিভিন্ন জেলাতেও যথাযথ মর্যাদায় দিনটি পালন করা হবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, হুল দিবস উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, শাসকের অত্যাচারের বিরুদ্ধে সিধো-কান্‌হোর নেতৃত্বে লড়াই, আজ'ও আমাদের প্রেরণা জোগায়।

*******************

নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই দফায় দফায় বৃষ্টি চলেছে। নিম্নচাপ অঞ্চলটি আরো পশ্চিম, উত্তর-পশ্চিমে অগ্রসর হবে। এর ফলে আগামী দুদিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন। আগামীকাল পর্যন্ত মৎস্যজীবিদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

(বাইট – সৌরিশ )

অন্যদিকে, উত্তরবঙ্গের কালিম্পং, দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলায় আজ থেকে ২ তারিখ পর্যন্ত বৃষ্টির পরিমাণ বেশি থাকবে।

*******************

পড়ুয়াদের মধ্যে ফুটবল খেলা নিয়ে আগ্রহ বাড়াতে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান গতকাল কলকাতায় 'ফুটবল ফর স্কুলস' কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের সূচনা করেছেন।

এই কর্মসূচির অঙ্গ হিসেবে সারা দেশে দেড় লক্ষের বেশি স্কুলে ১০ লক্ষ ফুটবল বিতরণ করা হবে। কলকাতার ফোর্ট উইলিয়ামে PMশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে গতকাল এক অনুষ্ঠানে এই কর্মসূচির সূচনা করে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী আশা প্রকাশ করেন, আগামী দিনে দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিভাবান ফুটবলার তুলে আনার মধ্য দিয়ে দেশের ফুটবলের উন্নতির লক্ষ্যে এই কর্মসূচি গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করবে।

*****************************************************************